[১.৪.১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর-১৪.০০.০০০০.০২২.১৮.০০২.১৯.০৩ তারিখ : ৩১/১২/২০২০ খ্রিস্টাব্দ।

## এপিএ'র আওতায় বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর প্রধান কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।

১। পরিদর্শনের তারিখ ও সময়: ৩০ ডিসেম্বর ২০২০, বেলা ৩.০০ ঘটিকা

২। পরিদর্শনকৃত অফিসের নাম ও ঠিকানা: প্রধান কার্যালয়, বিটিসিএল, ৩৭/ই ইস্কাটন গার্ডেন ,ঢাকা-১০০০।

৩। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২১ অর্থবছরে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এ বিভাগের আওতাধীন বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড এর নিম্নলিখিত ৩(তিন)টি বিষয়ের উপর পরিদর্শন করা হয়ঃ

ক) ট্রান্সমিশন ব্যান্ডউইথ

খ) ইন্টারনেট ব্যান্ডউইথ

গ) GPON সংযোগ

**ক) ট্রান্সমিশন ব্যান্ডউইথ**

ট্রান্সমিশন ব্যান্ডওইথের ২০২০- ২০২১ সালের APA ধার্যকৃত লক্ষ্যমাত্রা: ৪৪০ জিবিপিএস

নভেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অর্জন: ৪২০ জিবিপিএস

অর্জন সন্তোষজনক। লক্ষ্যমাত্রার ৭৪% ইতোমধ্যে অর্জিত হয়েছে। ট্রান্সমিশন লিংকের ট্যারিফ পূনঃনির্ধারিত হওয়ায় ট্রান্সমিশন ব্যান্ডউইডথের বিক্রয় বৃদ্ধি পাচ্ছে। আশা করা যায় ট্রান্সমিশন ব্যান্ডউইথের জন্য ২০২০-২০২১ সালের APA লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হবে। আলোচনা করে জানা যায় যে, বিভিন্ন রুটে বিটিসিএল এর ট্রান্সমিশন লিংকের ধারন ক্ষমতার স্বল্পতা আছে। বর্তমানে MOTN প্রকল্পের আওতায় সারাদেশে ট্রান্সমিশন লিংকের ধারন ক্ষমতা বৃদ্ধির কাজ চলমান আছে।

অভিজ্ঞ লোকবলের অভাব প্রকট। নতুন লোকবল নিয়োগ দিলে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পাবে এবং সার্বিক ভাবে ব্যান্ডউইথের বিক্রয়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

(চলমান পাতা)

সচিবের দপ্তর
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
তারিখ: ০৬/১/২০২১
অতিরিক্ত সচিব (প্রশাসন) | যুগ্ম-সচিব (কোম্পানি)
অতিরিক্ত সচিব (ডাক) | যুগ্ম-সচিব (নিরীক্ষা)
অতিরিক্ত সচিব (টেলিকম) | উপ-সচিব
যুগ্ম-সচিব (প্রশাসন) | উপ-সচিব
যুগ্ম-সচিব (পরিকল্পনা) | জনসংযোগ কর্মকর্তা
যুগ্ম-সচিব (টেলিকম) | সচিবের একান্ত সচিব
সচিব

ডায়রী নং- তারিখ:
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব ... এর দপ্তর
যুগ্ম-সচিব ... কোম্পানী)
সি.স.সচিব ... কোম্পানী-১)
... কোম্পানী-২)
অতিরিক্ত সচিব (টেলিকম)

**খ) ইন্টারনেট ব্যান্ডউইথ**

ইন্টারনেট ব্যান্ডউইথের ২০২০-২০২১ সালের APA ধার্যকৃত লক্ষ্যমাত্রা: ৩২৫ জিবিপিএস

নভেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অর্জন: ৩৬৪ জিবিপিএস

ইন্টারনেট ব্যান্ডউইথের জন্য ২০২০-২০২১ সালের APA এর লক্ষ্যমাত্রার ১৮৮% ইতোমধ্যে অর্জিত হয়েছে। কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে বিভিন্ন অনলাইন কার্যক্রম বৃদ্ধির কারণে ব্যান্ডউইথের চাহিদা বেড়ে যাওয়ায় এপিএ'র আওতায় এ পর্যন্ত ইন্টারনেট ব্যান্ডউইথ লক্ষ্যমাত্রার থেকে অনেক বেশি অর্জিত হয়েছে।

**গ) GPON সংযোগ**

GPON সংযোগের ২০২০-২০২১ সালের APA ধার্যকৃত লক্ষ্যমাত্রা: ৯৯৫০টি।

নভেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত সংযোগ: ৮০২৮টি।

GPON সংযোগের ক্ষেত্রে ২০২০-২০২১ সালের APA এর লক্ষ্যমাত্রার ৬০% ইতিমধ্যে অর্জিত হয়েছে। আলোচনা করে জানা যায় যে, বিটিসিএল এর GPON এর নেটওয়ার্ক ঢাকা ও চট্টগ্রামের অল্প কিছু এলাকাতে সীমাবদ্ধ। ফলে গ্রাহক পর্যায়ে যথেষ্ঠ চাহিদা থাকা সত্ত্বেও বিভিন্ন স্থানে GPON এর সংযোগ দেয়া সম্ভব হচ্ছে না। বর্তমানে MOTN প্রকল্পের আওতায় ঢাকা এবং চট্টগ্রামের বাকী অংশ এবং দেশের বিভিন্ন জেলায় GPON এর নেটওয়ার্ক বিস্তারের কাজ চলছে। কাজ শেষ হলে GPON গ্রাহকের সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

৩১/১২/2020

(মো: শাহাদাৎ হোসেন)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫১১১১৩।

✓সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি :** অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো
০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ঢাকা।

১.৪৭

[১.৮.২]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর কার্যক্রম পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।**

গত ১০/১২/২০২০ তারিখ আমি নিম্নস্বাক্ষরকারীর দ্বারা এ বিভাগের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মোতাবেক বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনের শুরুতেই সাবমেরিন ক্যাবল কোম্পানীর বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে একটি আলোচনা সভায় অংশগ্রহণ করা হয়। সভা পরবর্তী সময়ে বিএসসিসিএল এর আইআইজি ইউনিটে স্থাপিত যন্ত্রপাতি সমূহ পরিদর্শন করা হয়। আলোচনা সভায় বিএসসিসিএল এর কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এই কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও শুদ্ধাচারের যোগসূত্রের বিষয়ে আলোকপাত করে বিবিধ বিষয়ে মতবিনিময় করা হয়।

২। বিএসসিসিএল বর্তমানে SMW-4 ও SMW-5 নামক দুটি সাবমেরিন ক্যাবল কনসোর্টিয়ামের সদস্য, যেগুলোর ল্যান্ডিং স্টেশন যথাক্রমে কক্সবাজার ও কুয়াকাটায় অবস্থিত। দুটি সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বর্তমানে বিএসসিসিএল এর ক্যাপাসিটি প্রায় ২৮০০ জিবিপিএস যার মধ্যে বর্তমানে প্রায় ১৩২৮ জিবিপিএস ক্যাপাসিটি ব্যবহৃত হচ্ছে, যা দেশের মোট ক্যাপাসিটি ব্যবহারের ৬০ শতাংশেরও বেশী। সরকার গৃহিত নানামুখী পদক্ষেপের কারণে ইন্টারনেটের ব্যবহার ব্যাপক প্রসার হওয়ায় সাবমেরিন ক্যাবলের ক্যাপাসিটির ব্যবহার গত কয়েক বছরে উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে।

৩। বিএসসিসিএল ২০০৮ সালে কার্যক্রম শুরুর পর হতেই একটি লাভজনক কোম্পানী হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। দেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থার মূল অবকাঠামো হিসেবে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে সেবা প্রদান করার সাথে সাথে প্রতি বছর বিএসসিসিএল উল্লেখযোগ্য পরিমাণে রাজস্ব সরকারের কোষাগারে জমা প্রদান করছে। ২০১৮-১৯ অর্থবছরে ৫৮,৫৭,৫৮,০০০/- টাকা এবং ২০১৯-২০ অর্থবছরে ৯৫,৫৯,৯৮,০০০/- টাকা প্রকৃত মুনাফা করেছে মর্মে জানা গেল।

৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আলোকে বিএসসিসিএল দেশকে তৃতীয় সাবমেরিন ক্যাবলে সংযুক্ত করার পদক্ষেপ গ্রহণ করেছে এবং এ বিষয়ক একটি প্রকল্প প্রস্তাব ইতোমধ্যে একনেক সভায় অনুমোদন করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি পূর্ব ও পশ্চিম উভয় দিকে কমপক্ষে ৬ টিবিপিএস বৃদ্ধি পাবে। চুক্তি মোতাবেক যথাসময়ে কার্যক্রম সম্পন্ন হবে মর্মে জানানো হয়।

৫। প্রধান কার্যালয়ের ৮ম তলায় বিএসসিসিএল এর আইআইজি ইউনিট রয়েছে। আইআইজি ইউনিটে স্থাপিত ইকুপমেন্ট সমূহ সরজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনের সময় আইআইজি ইউনিটে কর্মরত প্রকৌশলীগণ এই ইউনিটের মাধ্যমে প্রদত্ত IP Transit সেবার বিভিন্ন দিক যেমন বিদেশে অবস্থিত Upstream Provider ও Content Provider গণের নিকট হতে ব্যান্ডউইড্থ আনয়নের কর্মপদ্ধতি, গ্রাহকগণকে সেবা প্রদানের সুবিধাসমূহ, মনিটরিং সিস্টেম প্রভৃতি আলোচনা ও প্রদর্শন করেন। এক্ষত্রে জানা যায় যে, বিএসসিসিএল অদূর ভবিষ্যতে সিঙ্গাপুরে নিজস্ব Router স্থাপন করবে যার ফলে বিএসসিসিএল এর IP Transit সেবার মান আরও বৃদ্ধি পাবে।

৬। বিএসসিসিএল এর আইআইজি ইউনিটটি প্রধান কার্যালয়ে ভাড়া করা ভবনে অবস্থিত। যেহেতু অত্যন্ত দামী বিভিন্ন যন্ত্রপাতি এখানে স্থাপন করা হয়েছে , সেহেতু এ যন্ত্রপাতির নিরাপত্তার দিকে বিশেষভাবে নজর রাখার জন্য ব্যবস্থাপনা পরিচালককে পরামর্শ প্রদান করা হলো।

১৫/১২/২০২০

(মোঃ মোখলেছুর রহমান)
যুগ্ম সচিব (প্রশাসন),
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

১৫/১২/20

১৭/১২/২০২০

২০/১২/২০২০

স্মারক: ১৪.০০.০০০০.০১১৭.১৬.০০১. ১৯-০৮ তারিখঃ ১৫/১২/২০২০খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। জনাব মোঃ আব্দুল হান্নান, যুগ্ম সচিব ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড, গুলশান লিংক রোড, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫/১২/২০২০

(মোঃ মোখলেছুর রহমান)
যুগ্ম সচিব (প্রশাসন),
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব টেলিকম-এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য অর্জনের নিমিত্ত অতিরিক্ত সচিব (টেলিকম) জনাব মোঃ কামরুজ্জামান কর্তৃক ২৮ ডিসেম্বর, ২০২০ তারিখ টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ঢাকার গুলশানে অবস্থিত প্রধান কার্যালয় পরিদর্শন প্রতিবেদনঃ**

১। ২৮ ডিসেম্বর, ২০২০ তারিখ দুপুর ৩.০০ ঘটিকায় টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ঢাকার গুলশানে অবস্থিত প্রধান কার্যালয় নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে টেলিটকের ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উক্ত পরিদর্শনে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা হয়। টেলিটকের বর্তমান গ্রাহক সংখ্যা প্রায় ৪৭ লক্ষ। টেলিটকের নেটওয়ার্ক কভারেজ জনসংখ্যার ভিত্তিতে ৭৮% এবং ভৌগলিক ভিত্তিতে ৬৯%। সারাদেশে টেলিটকের গ্রাহক সেবা কেন্দ্রের সংখ্যা ৯১টি। এছাড়া টেলিটকের নিজস্ব কল সেন্টারের (১২১) এর মাধ্যমে ২৪X৭ গ্রাহকদের সেবা প্রদান করা হয়। টেলিটকের কর্মকর্তারা জানান যে, তিনটি নতুন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে টেলিটক সারাদেশে নিরবচ্ছিন্ন ৪জি নেটওয়ার্ক সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করেছে।

২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২১ অর্থ বছরে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত টেলিটক বাংলাদেশ লিমিটেড সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক মোতাবেক পরিদর্শনের ফলাফল নিম্নরূপ:

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ | অর্জন (০১/০৭/২০২০ হইতে ৩১/১২/২০২০) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | |
| [১] আধুনিক টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ | ৩৫ | [১.৯] ডিজিটাল বাংলাদেশ গঠনে মোবাইল ফোনের 4G নেটওয়ার্ক সম্প্রসারণে টেলিটক বাংলাদেশ লিমেটেড কর্তৃক e Node-B স্থাপন | [১.৯.১] স্থাপিত e Node-B | সমষ্টি | সংখ্যা | ২ | ১০০০ | ৫২৯ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | [১.১০] ডিজিটাল বাংলাদেশ গঠনে মোবাইল ফোনে ডিজিটাল সেবা প্রদানের আওতায় গ্রাহকের ইউটিলিটি বিল পরিশোধ | [১.১০.১] গ্রাহকের ইউটিলিটি বিল পরিশোধিত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | ২৭০ | ১৬৪ |
| | | [১.১১.১] ডিজিটাল বাংলাদেশ গঠনে মোবাইল ফোনে ডিজিটাল সেবা প্রদানের আওতায় ছাত্রছাত্রীর পরীক্ষার ফল প্রকাশ | [১.১১.১] ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল প্রকাশিত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | ২৩০ | ৯ |
| | | [১.১২.১] ডিজিটাল বাংলাদেশ গঠনে মোবাইল ফোনে ডিজিটাল সেবা প্রদানের আওতায় চাকরি প্রার্থীর নিবন্ধন | [১.১২.১] চাকরি প্রার্থী নিবন্ধিত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ১ | ১২০ | ৬০.৫০ |

**সার্বিক মন্তব্যঃ**

করোনা পরিস্থিতির কারণে পাবলিক পরীক্ষাসমূহ (যেমন, পিএসসি, জেএসসি ইত্যাদি) অনুষ্ঠিত না হওয়ায় মোবাইলের মাধ্যমে ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল প্রকাশিত (১.১১.১) সূচকটিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি মর্মে টেলিটকের কর্মকর্তারা অবহিত করেন। করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে পাবলিক পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হলে টেলিটক পরবর্তীতে ঐ সূচকটিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবে। প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর'২০২০) টেলিটক (১.১১.১ ব্যতীত অবশিষ্ট তিনটি কর্মসম্পাদন সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুপাতিকহারে অর্জনে সক্ষম হয়েছে এবং আশা করা যায় যে, বাকী ছয় মাসে নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভবপর হবে।

৩১/১২/২০২০

মোঃ কামরুজ্জামান
অতিরিক্ত সচিব
(টেলিকম)
ফোন-৯৫৭৪৪৪৮

স্মারক নং-১৪.০০.০০০০.০২৪.০১.০০০.২০.২৬

তারিখ: ৩১/১২/২০২০ খ্রি:।

অনুলিপিঃ সদয় অবগতি/সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান, ঢাকা।
২। যুগ্ম সচিব (কোম্পানি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (ডাক), সেগুন বাগিচা, ঢাকা।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

1.16.1

[১.১৬.১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.০০.০০০০.০১৭.১৬.০০১.১৯-০৯ তারিখঃ ২৪/১২/২০২০খ্রিঃ

## পরিদর্শন প্রতিবেদন

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের বিগত ২২ অক্টোবর ২০২০ তারিখের স্মারক নং-১৪.০০.০০০০.০০১১.১৬.০২৫.১৭.১৪০৭ এর পরিপ্রেক্ষিতে এ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১.১৬ অনুচ্ছেদের আলোকে গত ১০/১২/২০২০ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন গঠিত বাংলাদেশ তার ও টেলিযোগাযোগ বোর্ড (বিটিটিবি) ২০০৮ সনে বিলুপ্ত করে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এবং বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) নামে ২ (দুই)টি কোম্পানী গঠন করা হয়। ফলে Rules of Business-1996 এর Schedule-1: Allocation of Business এ বর্ণিত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের টেলিযোগাযোগ সংক্রান্ত কার্যাদি সম্পাদন/কারীগরি সহায়তা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের নিমিত্ত ২০১৫ সনে বাংলাদেশ টেলিযোগাযোগ অধিদপ্তর (DOT) সৃজন করা হয়। এ প্রতিষ্ঠানটির কয়েকটি উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

১) টেলিযোগাযোগ বা ডিজিটাল অবকাঠামো, নেটওয়ার্ক, রিসোর্স, সেবা এবং এর আর্থসামাজিক প্রভাব সংক্রান্ত বিষয়ে সরকারের তথ্যভান্ডার হিসাবে দায়িত্ব পালন এবং চাহিদা অনুযায়ী উপস্থাপন, বিশ্লেষণ এবং পরামর্শ প্রদান;

২) টেলিযোগাযোগ খাত সংক্রান্ত আইন, বিধি, নীতি, কৌশল, গাইডলাইন ও পরিকল্পনা প্রণয়নে সরকারকে সহায়তাকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বাস্তবায়ন;

৩) দেশের সর্বত্র উন্নত টেলিযোগাযোগ বা ডিজিটাল অবকাঠামো ও নেটওয়ার্কসহ যথোপযুক্ত গ্রাহক প্রান্তের যন্ত্রপাতি এবং মানসম্পন্ন সেবার প্রাপ্যতা নিশ্চিতকরণে পরিবীক্ষণ ও পর্যালোচনা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা;

৪) সামগ্রিক ডিজিটাল রূপান্তরের নীতি, কৌশল ও পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং সমন্বয় সংশ্লিষ্ট কার্যক্রমে সরকারকে সহায়তাকরণ;

৫) সরকারের নির্দেশনা অনুযায়ী টেলিযোগাযোগ খাতে জাতীয় সম্পদসমূহের (যেমন: স্পেকট্রাম, নাম্বারিং, ল্যান্ডিং রাইটস, স্পেস অরবিট ইত্যাদি) অর্জন, আন্তর্জাতিক পরিমন্ডলে সংশ্লিষ্ট বিষয়ে সমন্বয় এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা;

৬) ডিজিটাল সুরক্ষা ও নিরাপত্তা, তথ্য ও যোগাযোগের গোপনীয়তা রক্ষা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রমে সরকারকে সহায়তাকরণ;

৭) ব্রডব্যান্ডের বিস্তার ও আইপি রিসোর্সসমূহের ব্যবস্থাপনায় মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;

৮) টেলিযোগাযোগ বা ডিজিটাল সেবা ও ট্যারিফ নির্ধারণ এবং সরকারের রাজস্ব সংশ্লিষ্ট কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;

৯) টেলিযোগাযোগ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন ও প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধিতে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;

১০) টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সফটওয়ার ও প্রটোকলসমূহে 'বাংলাদেশ প্রমিত মান' নিশ্চিতকরণ এবং পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;

৩। টেলিযোগাযোগ অধিদপ্তরের এখনও নিজস্ব কোন ভবন নেই। এটি বর্তমানে বিটিসিএল-এর তেজগাঁওস্থ ট্রেনিং সেন্টারের একটি ভবনে সাময়িকভাবে অফিস স্থাপনপূর্বক কার্যক্রম পরিচালনা করছে। পরিদর্শনকালে এ প্রতিষ্ঠানের কর্মকর্তাগণকে সংগে নিয়ে এর অফিস এলাকা এবং এটি কর্তৃক পরিচালিত Cyber Threat Detection and Response (CTDR) Center ঘুরে দেখা হয়। CTDR কেন্দ্রের মাধ্যমে এ প্রতিষ্ঠানটি দেশে ইন্টারনেট ব্যবহার নিরাপদ রাখার জন্য ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি) কর্তৃক ব্যবহৃত ব্যান্ডউইথ মনিটর করে থাকে। এছাড়া বিটিআরসি কিংবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় তথা আইনশৃঙ্খলা বাহিনীর নিকট থেকে অনুরোধ প্রাপ্ত হয়ে এ প্রতিষ্ঠান এই কেন্দ্রের মাধ্যমে সমাজ, দেশ ও রাষ্ট্রের জন্য ক্ষতিকারক বিভিন্ন website ব্লক করে থাকে।

৪। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের সংগে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় নিম্নবর্ণিত ২ (দুই)টি কার্যক্রম সম্পাদনের জন্য নির্ধারিত রয়েছে:

১) **চুক্তির ১.১৪ অনুচ্ছেদ:** টেলিযোগাযোগ আইন, নীতি, গাইডলাইন ইত্যাদি প্রণয়নে টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক মতামত প্রদান।

২) **চুক্তির ১.১৫ অনুচ্ছেদ:** ইন্টারনেট ব্যবহার নিরাপদ রাখার জন্য ইন্টারন্যাশনাল ইন্টারনেট (আইআইজি) কর্তৃক ব্যবহৃত ব্যান্ডউইথ মনিটরিং।

প্রথম কার্যক্রম অর্থাৎ এপিএ চুক্তির ১.১৪ অনুচ্ছেদের আওতায় টেলিযোগাযোগ অধিদপ্তরের নিকট মতামতের জন্য চাহিদাকৃত বিষয়গুলির মধ্যে ৯০-১০০% বিষয়ের উপর মতামত প্রদান করা হলে পূর্ণ নম্বর অর্জিত হবে। পরিদর্শনের সময় দেখা যায়, এক্ষেত্রে এ অধিদপ্তরের নিকট ঐ সময় পর্যন্ত মোট ৪টি বিষয়ের উপর মতামত চাওয়া হয়েছিল এবং উক্ত ৪টি বিষয়ের উপর মতামত প্রদান করা হয়েছে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা দ্বিতীয় ত্রৈমাসিক প্রান্তিক পর্যন্ত শতভাগ অর্জিত হয়েছে। অপর দিকে দ্বিতীয় কার্যক্রম অর্থাৎ এপিএ চুক্তির ১.১৫ অনুচ্ছেদের ক্ষেত্রে চলতি অর্থবছরে মোট ১২০০ Gbps ব্যান্ডউইথ মনিটর করলে পূর্ণ নম্বর অর্জিত হওয়ার কথা। পরিদর্শনের সময় পর্যন্ত ১৩০০ Gbps ব্যান্ডউইথ মনিটর করা হয়েছে। আলোচনায় জানা যায় যে, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে ইন্টারনেট ব্যবহার বৃদ্ধি পাওয়ায় ব্যান্ডউইথ মনিটরিংও বৃদ্ধি পেয়েছে। যাহোক, এক্ষেত্রেও পূর্ণ নম্বর অর্জিত হয়েছে।

৫। সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হলো।

28/12/2020

(খোন্দকার মোঃ আব্দুল হাই, পিএইচডি)
যুগ্ম সচিব (আইন)
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

বিতরণ:

১। মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২। জনাব মোঃ আব্দুল হান্নান, যুগ্ম সচিব ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

1.2.1.1

৯.২২.৯

# বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর কার্যালয়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন

সূত্র: ১৪.০০.০০০০.০০১.১৬.০২৫.১৭.১৪০৭, তারিখ: ২২/১০/২০২০

সূত্রে বর্ণিত অফিস আদেশের পরিপ্রেক্ষিতে গত ২৩/১২/২০২০ তারিখে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর কার্যালয়ের কার্যক্রম পরিদর্শন করি। কোম্পানিটি ১০ আগস্ট ২০১৭ সালে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে এর ১৪ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদ রয়েছে।

### অফিসের অবস্থান

কোম্পানির সদর দপ্তর সেল রোজ - এন – ডেল (৮ম ও ৯ম তলা), ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকায় অবস্থিত। এতদ্ব্যতিত গাজীপুর ও বেতবুনিয়ায় রয়েছে দু'টি ভূকেন্দ্র।

## কোম্পানির সাংগঠনিক অবস্থা নিম্নরূপ:

- এ কোম্পানিতে চেয়ারম্যান হিসাবে চুক্তিভিত্তিক নিয়োগে কর্মরত আছেন ডঃ শাহজাহান মাহমুদ। তিনি গত ১১/০৭/২০১৮ তারিখে থেকে এ পদে বহাল আছেন।
- এ সংস্থায় ব্যবস্থাপনা পরিচালকের একটি পদ থাকলেও পদটি এখন শূণ্য। জেনারেল ম্যানেজার (প্রশাসন ও অর্থ) ব্রি: জে: (অব:) জনাব শাহরিয়ার আহমেদ চৌধুরী এ পদে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনিও তার মূল পদে দ্বিতীয়বারের মত চুক্তির ভিত্তিতে গত ২৪/০৩/২০১৯ থেকে কর্মরত আছেন।
- এ ছাড়াও জেনারেল ম্যানেজারের আরও ৩টি পদ আছে, যার মধ্যে একটি পদ শূণ্য।
- ডেপুটি জেনারেল ম্যানেজারের ৬টি পদের সবগুলোই শূণ্য।
- কোম্পানি সচিব পদটিতে সরকারের ১ জন উপসচিব দায়িত্বরত আছেন।
- সহকারি জেনারেলের ৭টি পদের মধ্যে মাত্র ১টি পদে ১ জন কর্মরত আছেন, বাকী ৬টি পদ শূণ্য।
- এ ছাড়াও নীচের দিকের আরও অনেকগুলো পদ শূণ্য আছে।

### পর্যবেক্ষণ

অফিসটি সামগ্রিকভাবে অনেক পরিষ্কার পরিচ্ছন্ন। সকল কর্মকর্তাকে মাস্ক পরিহিত অবস্থায় এবং নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে ও দূরত্ব বজায় রেখে কাজ করতে দেখা গেছে। স্যানিটাইজেশনের প্রস্তুতি আছে। তবে, নির্ধারিত স্টোর রুম না থাকায় বেশ কিছু টেবিল চেয়ার অব্যবহৃত অবস্থায় ও অযত্নে করিডোরে পড়ে আছে। অকেজো ও অপ্রয়োজনীয় জিনিষপত্র একটি কোণায় রাখা আছে, জায়গাটি অপরিচ্ছন্ন। মূল গেট ডিজিটাল লক দ্বারা বন্ধ পাওয়া গেল। অর্থাৎ নিরাপত্তা ব্যবস্থা ভাল।

### সুপারিশ

- শূণ্য পদসমূহ দ্রুত পূরণ করা দরকার। এর ফলে কোম্পানির কাজকর্মে যেমন গতিশীলতা বৃদ্ধি পাবে, তেমনি দেশের বেশ কিছু কর্মহীন যোগ্য মানুষের কর্মসংস্থান হবে।
- অব্যবহৃত আসবাবপত্র ব্যবহার করা দরকার অথবা সেগুলি ভালভাবে সংরক্ষণ করা উচিত। না হলে অচিরেই বিনষ্ট হয়ে যাবে।
- অপরিচ্ছন্ন অংশসমূহ পরিচ্ছন্ন রাখার বিষয়ে মনোযোগী হতে হবে।
- কর্মকর্তাদের নিয়মিত বিভিন্ন ধরণের প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। এ ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যসমূহ অর্জনে সচেষ্ট হতে হবে।

মোঃ জেহসান ইসলাম
যুগ্মসচিব (নিরীক্ষা)
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

[২.২২.৭]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

ডাক অধিদপ্তরের "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : | ডাক অধিদপ্তর |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৬৫.৪৯ কোটি টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | ০১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত |
| প্রকল্প এলাকা | : | তেজগাও, গোপালগঞ্জ, ময়মনসিংহ, খুলনা, চট্টগ্রাম, নোয়াখালী, রাজশাহী, ঈশ্বরদী, রংপুর, বরিশাল, দিনাজপুর, হবিগঞ্জ, কুষ্টিয়া, ও যশোর। |

আমি গত ০২/১২/২০২০ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের উপর্যুক্ত প্রকল্পের আওতায় তেজগও সেন্টারটি পরিদর্শন করি। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক ও বাংলাদেশ নৌবাহিনীর সংশ্লিষ্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

মূল সেন্টারের ভৌত নির্মাণ কাজ শেষ হয়েছে। সীমানা প্রাচীর, এপ্রোচ রোড ও গেইট নির্মাণের কাজ শীগ্রই আরম্ভ হবে বলে জানা গেছে। ৫টি প্যাকেজ এর আওতায় মেশিনারিজ এ্যান্ড ইকুইপমেন্ট, কমার্শিয়াল pos মেশিন ও ফ্রাংকিং মেশিন সংগৃহীত হয়েছে, যার মোট মূল্য ৭৩.১৩ কোটি টাকা। এর আংশিক প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কারিগরী কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। অবশিষ্ট যন্ত্রপাতি গ্রহণ করা প্রয়োজন। সেন্টারের জন্য নির্ধারিত জনবলের প্রশিক্ষণ প্রদান পূর্বক সেন্টারটি দ্রুত চালু করা প্রয়োজন। মেইল প্রসেসিং সেন্টারটি ফাংশনাল করার জন্য ডাক অধিদপ্তর ও প্রকল্প কর্তৃপক্ষের সমন্বিত কর্মপরিকল্পা গ্রহণ করা প্রয়োজন। এ ছাড়াও অত্যাধুনিক সেন্টারের সুযোগ-সুবিধা সম্পর্কে সুবিধা ভোগীদের অবহিত করার জন্য প্রচার/বিজ্ঞাপন দেয়া প্রয়োজন।

সুপারিশসমূহ নিম্নরূপঃ

১। সীমানা প্রাচীর, এপ্রোচ রোড ও গেইট নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে।
২। প্রস্তাবিত মেইল প্রসেসিং সেন্টার জনবল নির্বাচন পূর্বক তাদের কে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৩। মেইল প্রসেসিং সেন্টারটি ফাংশনাল করার জন্য প্রকল্প কর্তৃপক্ষ ও ডাক অধিদপ্তরের সমন্বিত কর্ম পরিকল্পা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
৪। সেন্টার সম্পর্কে প্রচার/বিজ্ঞাপন দেয়া যেতে পারে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-৮

(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫১৪৪১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ
১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ", ডাক অধিদপ্তর।
৪। ফোকাল পয়েন্ট, এপিএ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচবি, পরিকল্পনা-১, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (পরিকল্পনা) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

| ডাইরী নং- | তারিখ: ৭/১২/২০ |
|---|---|
| সচিবের দপ্তর ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | যুগ্ম-সচিব (কোম্পানি) |
| অতিরিক্ত সচিব (ডাক) | যুগ্ম-সচিব (নিরীক্ষা) |
| অতিরিক্ত সচিব (টেলিকম) | উপ-সচিব |
| যুগ্ম-সচিব (প্রশাসন) | উপ-সচিব |
| যুগ্ম-সচিব (পরিকল্পনা) | জনসংযোগ কর্মকর্তা |
| যুগ্ম-সচিব (টেলিকম) | সচিবের একান্ত সচিব |

১.২২.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা উইং
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

**ডাক অধিদপ্তরের "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।**

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : | ডাক অধিদপ্তর |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৭৫৬৭.০০ লক্ষ টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | জানুয়ারি, ২০১৭- জুন, ২০২১ পর্যন্ত |
| প্রকল্প এলাকা | : | ডাক অধিদপ্তর কলোনী, মতিঝিল, ঢাকা। |

আমি গত ০৯/১২/২০২০ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের উপর্যুক্ত প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করি। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন।

**পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ**

২০তলা বিশিষ্ট ৮টি ভবনে ৬০৮টি ফ্ল্যাট, নির্মাণের সংস্থান রয়েছে। ইতিমধ্যে ৩টি ভবনে ৬৫০বর্গফুটের ২২৮টি ফ্ল্যাট, ৩টি ভবনে ১০০০ বর্গফুটের ২২৮টি ফ্ল্যাট, ১টি ভবনে ১২৫০ বর্গফুটের ৭৬টি ফ্ল্যাট, এবং ১টি ভবনে ১৫০০ বর্গফুটের ৭৬টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। লিফ্ট স্থাপনসহ ফিনিশিং এর কাজ চলমান আছে। মতিঝিলে বিদ্যমান ডাক বিভাগ ও বিটিসিএল কলোনীতে অবস্থিত পুরাতন ১৪টি ভবন অপসারণ করে উক্ত খালি স্থানে সৌন্দর্য বর্ধনের কাজ করতে হবে। ইতিমধ্যে ১২ টি ভবন ভাঙ্গার জন্য দরপত্র আহবান করা হয়েছে। অবশিষ্ট ২টি ভবন ভাঙ্গার দরপত্র আহবানের কাজ চলমান।

**সুপারিশসমূহ নিম্নরূপঃ**

১। ১৪ টি ভবন অপসারণের কাজ দ্রুত শেষ করতে হবে।
২। ৮টি ভবনের ফিনিশিং এর কাজ দ্রুত শেষ করে তা বসবাস উপযোগী করতে হবে।
৩। প্রকল্পের কাজ জুন, ২০২১ এর মধ্যে সমাপ্ত করতে হবে।

(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্মসচিব (পরিকল্পানা)
ফোন: ৯৫১৪৪১৫

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ**

১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, "ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ (২য় সংশোধিত)" ডাক অধিদপ্তর।
৪। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৫ সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (পরিকল্পানা) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

22/12/2020

[১.22.১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা -৩ শাখা

পরিদর্শনের তারিখ: ০৮-১২-২০২০

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী: মোঃ নাছিমুর রহমান শরীফ, সিনিয়র সহকারী প্রধান।

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি ও প্রকল্প সাহায্য

৩.২ উন্নয়ন সহযোগী: Government of China (Government Concessional Loan of China)

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ টেলিযোগাযোগ কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ২৫৭৩,৩৯.৫৬ | ৭৫৬,১১.৬১ | ১৮১৭,২৭.৯৪ | - | ০১.০৭.২০১৭-৩০.০৬.২০২১ | একনেকে কর্তৃক অনুমোদিত ১৭.১০.২০১৭ | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |
| সংশোধিত (১ম) | ৩৩১৪,৯৩.৫৫ | ১৪৯৭,৬৫.৬১ | ১৮১৭,২৭.৯৪ | - | ০১.০৭.২০১৭-৩০.০৬.২০২২ | ০১.১২.২০২০ | ২৮.৮২ | ২৫ |

৬। প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | এলাকা (উপজেলা/থানা) |
|---|---|---|
| মূল প্রকল্পের আওতায় ২২ টি জেলা এবং সংশোধিত প্রকল্পের আওতায় ৬৪টি জেলা | মূল প্রকল্পের আওতায় ২২ টি জেলা এবং সংশোধিত প্রকল্পের আওতায় ৬৪টি জেলা | মূল প্রকল্পের আওতায় ২২ টি জেলা এবং সংশোধিত প্রকল্পের আওতায় ৬৪টি জেলা |

৭। প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

(ক) আইপি ও GPON সিস্টেম স্থাপন, নেটওয়ার্কের উন্নয়ন, নক সেন্টার স্থাপন ও Business Automation System স্থাপনের মাধ্যমে টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮। অগ্রগতি: চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্তি ও বরাদ্দ

(ক) চলতি অর্থ বছরের মোট বরাদ্দ ৯৮৮,১৮.০০ লক্ষ টাকা। (জিওবি ৪৭৬,০০.০০ এবং প্রকল্প সাহায্য ৫১২,১৮.০০ লক্ষ টাকা) এবং মোট ব্যয় ১৭৫,৫২.১৫ লক্ষ টাকা। (বরাদ্দের ১৭.৭৬%)।

(খ) ক্রমপুঞ্জীভূত ভৌত অগ্রগতি (প্রকল্পের শুরু হতে): ৬৭%।

১৩. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৩.১ পরিদর্শনকৃত এলাকা: ক) মগবাজারস্থ এক্সচেঞ্জ, মগবাজার, ঢাকা।
খ) শেরেবাংলা নগর এক্সচেঞ্জ, শেরেবাংলা নগর, ঢাকা।

পরিদর্শন কালে উপস্থিত কমকর্তার নাম ও পদবি

১. Mr. Syeedur Rahman, APD, MOTN, BTCL.
২. Mr. Utpal Kumar Saha, APD, MOTN.
৩. Mr. Iqbal Aziz DPD, MOTN, ZTE.

ক) মগবাজার এক্সচেঞ্জ, মগবাজার, ঢাকা:

(১) **Business Operation Support System (BOSS)** মগবাজার এক্সচেঞ্জ-পরিদর্শন

গত ০৮/১২/২০২০ তারিখে মগবাজার এক্সচেঞ্জ-এ বর্ণিত প্রকল্পের আওতায় স্থাপিত Business Operation Support System (BOSS) পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিটিসিএল-এর উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, Business Support System (BSS) ও Operation Support System (OSS) সিস্টেম সংক্রান্ত সকল ইকুপমেন্ট স্থাপন করা হয়েছে (প্রাপ্ত তালিকা পরিশিষ্ট ক দ্রষ্টব্য)। ইতোমধ্যে Installation ও Commission সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে বিদ্যমান সার্ভিসের সাথে End to End Testing চলমান রয়েছে। এছাড়া প্রকল্পের আওতাধীন সকল মডিউলের সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন করা হয়েছে। বিদ্যমান IMS, NGN, ICX, IGW and বিটিসিএলের ANS Gateway –এর সাথেও ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। CGM Office, DGM Office and Revenue Office-এর সাথে কানেকটিভিটি স্থাপনের কাজ চলমান রয়েছে। বর্তমানে Business Operation Support System-এর দায়িত্বে রয়েছেন Mr. Saiful Islam, DGM, Billing and Multi Exchange, BTCL.





Photo: BOSS Server room

সকল একচেঞ্জ থেকে তথ্য Business Operation Support System (BOSS) জমা হয় এবং মূল সার্ভারসহ একাধিক redundant serverসহ Precision Air-conditioning System, Fire detection system, Extinguisher ইত্যাদি রয়েছে। তবে বিবেচ্য প্রকল্পের আওতায় Disaster Recovery Centre নির্মাণের সংস্থান নেই। ভুমিকম্প বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে এ সেন্টারটি ক্ষতিগ্রস্ত হলে, এ সেন্টারে রক্ষিত তথ্য পুনুরুদ্ধার করা সম্ভব হবে না মর্মে প্রতীয়মান হয়। সংশোধিত প্রকল্পের আওতায় অথবা অন্য কোন প্রকল্পের আওতায় Disaster Recovery Centre নির্মাণ করা প্রয়োজন । এছাড়া সেন্টারটির সম্মুখ প্রবেশপথটি অত্যন্ত জীর্ণ-শীর্ণ অবস্থায় রয়েছে যা জরুরিভিত্তিতে মেরামত (Refurbish) করা প্রয়োজন। তাছাড়া সেন্টারটিসহ আশেপাশের স্থান সিসি ক্যামেরা ও নিরাপত্তা প্রহরীসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা আবশ্যক। Business Support System (BSS) ও Operation Support System (OSS) সিস্টেমটি সম্পূর্ণ নির্মাণকাজ সম্পন্নের পর চুক্তি অনুয়ায়ী সকল কাজ বুঝে নেয়া প্রয়োজন। চুক্তি'র warranty period ও পরিচালনা চুক্তি'র মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যেন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সিস্টেমটি পরিচালনা ও রক্ষণাবেক্ষন করতে পারেন, সে জন্য প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। নতুন/customized software-এর ক্ষেত্রে source code সহ বুঝে নিতে হবে এবং প্যাটেন্টকৃত সফটওয়ারের ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদের লাইসেন্সিং নিশ্চিত করতে হবে।

(২) **NOC System,** মগবাজার এক্সচেঞ্জ পরিদর্শন:

গত ০৮/১২/২০২০ তারিখে মগবাজার এক্সচেঞ্জ-এ বর্ণিত প্রকল্পের আওতায় স্থাপিত NOC Room পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিটিসিএল-এর উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, NOC সিস্টেম সংক্রান্ত সকল ইক্যুপমেন্ট স্থাপন করা হয়েছে (Major ইক্যুমেন্ট তালিকা পরিশিষ্ট ক দ্রষ্টব্য)। ইতোমধ্যে Installation ও Commission সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। নক রুমে ২৭টি smart monitor ও ১৮টি desk top computer স্থাপন করা হয়েছে। NOC সিস্টেমে বর্তমানে BOSS Team, IMS Team, IP Team, Transmission Team, Access Team ও Surveillance team কাজ করছে। উক্ত টিমে দেশী-বিদেশী বিশেষজ্ঞরা কাজ করছেন। টিমের সদস্যরা সমগ্র দেশের টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক পর্যবেক্ষণ করছেন এবং কোন ধরণের ত্রুটি/আলার্ম পেলেই তা মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করছেন। পরিদর্শনকালে টিমের সদস্যরা NOC সিস্টেমের বিভিন্ন কার্যক্রম প্রদর্শন করেন। পরিদর্শনকালে সিস্টেমটি অপারেশন স্টেজে রয়েছে মর্মে প্রতীয়মান হয়। বর্তমানে NOC সিস্টেমের দায়িত্বে রয়েছেন Mr. Saiful Islam, DGM, Billing and Multi Exchange, BTCL সিস্টেমটি সম্পূর্ণ নির্মাণকাজ সম্পন্নের পর চুক্তি অনুয়ায়ী সকল কাজ বুঝে নেয়া প্রয়োজন। চুক্তি'র warranty period ও পরিচালনা চুক্তি'র মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যেন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সিস্টেমটি পরিচালনা ও রক্ষণাবেক্ষন করতে পারেন, সে জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।






**Photo: NOC room**

(৩) শেরেবাংলা নগরস্থ **IP Multimedia Subsystem (IMS): পরিদর্শন:**

IP Multimedia Subsystem (IMS): গত ০৮/১২/২০২০ তারিখে শেরেবাংলা নগরস্থ একচেঞ্জ-এ বর্ণিত প্রকল্পের আওতায় স্থাপিত IP Multimedia Subsystem পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিটিসিএল-এর উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, IP Multimedia Subsystem সংক্রান্ত সকল ইক্যুপমেন্ট স্থাপন করা হয়েছে (প্রাপ্ত তালিকা পরিশিষ্ট ক দ্রষ্টব্য)। ইতোমধ্যে Installation ও Commission সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য সিস্টেমের সাথেও ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। বর্তমানে সিস্টেমের মনিটরিং-এর দায়িত্বে রয়েছেন Mr. Md Aminur Rahman, Deputy General Manager, Softswitch Division, ও Mr. Zaki Muhammad Shahriar, Manager, Soft Switch, BTCL, Sher-E-Bangla Nagar, Dhaka.





**Photo: IMS Room**

১৪. সুপারিশঃ

(ক) মগবাজারস্থ Business Support System (BSS), Operation Support System (OSS) ও NOC System এবং শেরেবাংলা নগরস্থ IP Multimedia Subsystem (IMS) সম্পূর্ণ নির্মাণকাজ সম্পন্নের পর চুক্তি অনুয়ায়ী সকল কাজ বুঝে নিতে হবে।

(খ) সংশোধিত প্রকল্পের আওতায় অথবা অন্য কোন প্রকল্পের আওতায় মগবাজারস্থ Business Support System (BSS), Operation Support System (OSS) –এর জন্য Disaster Recovery Centre নির্মাণ করা প্রয়োজন আছে মর্মে প্রতীয়মান হয়। সেন্টারটির সম্মুখ প্রবেশপথটি অত্যন্ত জীর্ণ-শীর্ণ যা জরুরিভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এছাড়া সেন্টারটিসহ আশেপাশের স্থান সিসি ক্যামেরা ও নিরাপত্তা প্রহরীসহ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা আবশ্যক;

(গ) চুক্তি'র warranty period ও পরিচালনা চুক্তি'র মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর যেন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সিস্টেমটি পরিচালনা ও রক্ষণাবেক্ষন করতে পারেন, সে জন্য প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(ঘ) প্রকল্পের আওতায় সংগ্রহকৃত বা নতুন/customized software-এর তৈর করার ক্ষেত্রে source code-সহ বুঝে নিতে হবে এবং প্যাটেন্টকৃত সফটওয়ারের ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদের লাইসেন্সিং নিশ্চিত করতে হবে এবং

(ঙ) সংস্থা ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক কাজের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

D.R. /১২/2020

(মো: নাছিমুর রহমান শরীফ)
সিনিয়র সহকারী প্রধান

[১.২২.১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা -৩ শাখা

পরিদর্শনের তারিখ: ০৯-১২-২০২০

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী: মোঃ নাছিমুর রহমান শরীফ, সিনিয়র সহকারী প্রধান।

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ২০২,৬৫.২৮ | ২০২,৬৫.২৮ | - | - | ১০.০৪.২০১৮-৩১.১২.২০২১ | একনেকে কর্তৃক অনুমোদিত ১০.০৪.২০১৮ | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রযোজ্য নহে। | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নহে।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নহে।

৬। প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | এলাকা (উপজেলা/থানা) |
|---|---|---|
| ঢাকা | ঢাকা | প্লট নং-ই-৫/এ, আগারগাও, এডমিনিষ্ট্রেটিভ এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা |

৭। প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

(ক) টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্ত খাতের সকল ধরণের কার্যক্রম যথাযথভাবে সমন্বয়ে সহায়তা;

(খ) সহায়ক ও উদ্যমী দাপ্তরিক পরিবেশ সুষ্টি করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮। অগ্রগতি: চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্তি ও বরাদ্দ

(ক) ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (বিনিয়োগ) বাস্তবায়নাধীন প্রকল্প তালিকায় প্রকল্পটি অন্তর্ভূক্ত রয়েছে।

(খ) ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি'তে ৮৫,০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ১ম-২য় কোয়ার্টার (জুলাই, ২০২০-ডিসেম্বর, ২০২০) এর জন্য ৩০,০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে।

৯। ০৯/১২/২০২০ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ও আর্থিক অগ্রগতি

(ক) ৯৪১৪.৯৯ লক্ষ টাকা।
(খ) ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি হলে ০.২১ ভাগ (০.২১%)।
(গ) ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৭৭.০০ ভাগ (৭৭.০০%)।
(ঘ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৯৮.৪৩ ভাগ (৯৮.৪৩%)।

১৩. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

(ক) পরিদর্শনকৃত এলাকা: বিটিআরসি ভবন, াসপ্লট নং-ই-৫/এ, আগারগাও, এডমিনিষ্ট্রেটিভ এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা

(খ) কাজের বর্তমান অবস্থা:


বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের অফিস ভবন নির্মাণের জন্য আগারগাঁও প্রশাসনিক এলাকায় প্লট নং-"ই-৫/এ" এর ১ একর জায়গা বরাদ্দ প্রদান করা হয়। প্রস্তাবিত টেলিকম ভবনটি ২টি পূর্ণ ও ১টি সেমি বেইজমেন্টসহ ১২ তলা ভবন হবে যার মোট ফ্লোর স্পেস ৩৯৫২০.৬২ বর্গমিটার (৪,৬৬,২৬০ বর্গফুট)। গণপূর্ত অধিদপ্তর অর্পিত ক্রয় কার্যক্রমের আওতায় বর্ণিত ক্রয় কার্যক্রমটি বাস্তবায়ন করছে। TCEL-NDE Joint Venture বর্ণিত ভবনটি নির্মাণ করছে। প্রকল্পের আওতায় raft foundation এর ঢালাইয়ের পরে Basement-1 roof, Basement-2 roof এবং Semi Basement roof-সহ এগারো তলার (Tenth Floor roof) ঢালাইয়ের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে (৯/১২/২০২০ তারিখে) Eleventh Floor roof ঢালাইয়ের কার্যক্রম চলমান দেখতো পাওয়া যায়। ভবনের নবমতলা পর্যন্ত সকল তলার কক্ষের ব্রিক ওয়াল নির্মাণ কার্যক্রম চলমান ছিল। নির্মাণ সামগ্রী মানসম্পন্ন মর্মে প্রতীয়মান হয়েছে। প্রকল্পের আওতায় স্যানিটারি, প্লাম্বিং, দেয়াল প্রাচীর ইত্যাদি কার্যক্রম শুরু হয়নি। ছাদ ঢালাই ছাড়া অন্যান্য কাজের ধীরগতি পরিলক্ষিত হয়।



চিত্রঃ বিটিআরসি'র নির্মাণাধীন ভবন

(গ) ভবনটির ডিজাইনে উল্লেখযোগ্য পরিবর্তন হওয়ায় এগার তলার তলার স্টিল স্ট্র্যাকচার, লিফট, জেনারেটরসহ Electro-mechanical কার্যক্রমের কারিগরি বিনির্দেশসহ ব্যয় প্রাক্কলন পরিবর্তিত হবে। ফলে অনুমোদিত ডিপিপি'র আওতায় এ কার্যক্রমসমূহ সম্পন্ন করা সম্ভবপর নয়। ফলে Electro-mechanical কাজের দরপত্র আহবান করা সম্ভব হচ্ছে না। এ প্রেক্ষিতে জরুরিভিত্তিতে সংশোধিত ডিপিপি প্রণয়নপূর্বক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

(ঘ) নির্মাণাধীন ভবনের সামনের মূল রাস্তার পাশ্বর্বর্তী জায়গায় স্থানীয় পুলিশের থানার একটি ডাম্পিং স্টেশন রয়েছে। এটি উত্তর সিটি কর্পোরেশনের জায়গা এবং বিদ্যমান আগাঁরগাও ও শ্যামলী রাস্তা সংলগ্ন এবং প্রস্তাবিত রাস্তা প্রশস্তকণের অংশ মর্মে জানা যায়। এ ডাম্পিং স্টেশনটি থাকার কারণে প্রকল্প এলাকার কাজের স্বাভাবিক গতি ব্যহত হচ্ছে, বিশেষকরে নির্মাণ সামগ্রীর সার্বক্ষনিক যাতায়াতসহ নির্মাণ সামগ্রী রেখে কাজ করা বিঘ্নিত হচ্ছে। কিছু দিনের মধ্যে সীমানা প্রাচীর নির্মাণ কার্যক্রম শুরু হবে। ফলে স্থানীয় থানার অবশিষ্ট ডাম্পিং স্টেশনটি দ্রুত স্থানান্তর করা না হলে মূল ভবনের সীমানা প্রাচীর নির্মাণ এবং ভবনের সামনের অংশের অন্যান্য কার্যক্রম ব্যাহত হবে।



১৪. সুপারিশঃ

(ক) বিটিআরসি কর্তৃক জরুরিভিত্তিতে সংশোধিত ডিপিপি প্রণয়নপূর্বক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) Electro-mechanical কাজের দরপত্র দলিলসমুহ দ্রুত প্রণয়ন করতে হবে এবং সংশোধিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণকালীন দরপত্রসমূহ আহবান করা যেতে পারে তবে কার্যাদেশ প্রদান করা যাবে না;

(গ) নির্মাণাধীন ভবন ও মূল রাস্তার মধ্যবর্তী জায়গার স্থানীয় পুলিশের থানার অস্থায়ী ডাম্পিং স্টেশনটি দ্রুত স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

(ঘ) নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্তির জন্য বিটিআরসি কর্তৃক নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক কাজের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

(মো: নাছিমুর রহমান শরীফ)
সিনিয়র সহকারী প্রধান

১.২২.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা -১ শাখা

পরিদর্শনের তারিখ: ০৮-১১-২০২০

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী: ফাতিমা-তুজ-জোহরা ঠাকুর, সিনিয়র সহকারী সচিব।

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (১ম সংশোধিত)

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: ডাক অধিদপ্তর

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৪৮,০০.০০ | ৪৮,০০.০০ | | | ১/০১/২০১৭-৩১/১২/২০১৮ | ১৫-০৩-২০১৭ | | |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | ২২৫,০৬.০০ | ২২৫,০৬.০০ | | | ১/০১/২০১৭-৩০/০৬/২০২১ | ১৯-০৮-২০১৯ | | |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় ........প্রযোজ্য ক্ষেত্রে) | ৪৮,০০.০০ | ৪৮,০০.০০ | | | ১/০১/২০১৭-৩১/১২/২০১৯ | | | |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ৩৬৯%

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ১২৫%

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| সমগ্র বাংলাদেশ (২৬৭টি) | | | | |

৭. প্রকল্পের উদ্দেশ্য:

ক. পোস্ট অফিস কাউন্টারের নিরাপত্তা ও কাজের পরিবেশ উন্নত করা

খ. সরকারী সম্পত্তি রক্ষা করা

গ. বাংলাদেশ পোস্ট অফিসের সেবার মান বৃদ্ধি করা

ঘ. বাংলাদেশ পোস্ট অফিসের রাজস্ব বৃদ্ধি করা

ঙ. সল্প ও দীর্ঘ মেয়াদী কর্সংস্থানের সুযোগ সৃষ্টি করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. (ক) অঙ্গভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের অক্টোবর ২০২০ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | | ০৪ | | ০৫ | | ০৬ | |
| | | বাস্তব (পরিমাণ/সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| | জনবল | থোক | ৪৫.০০ | ০.০০ | ০.০০ | থোক | ১৮.০০ | ০.০০ | ০.০০ |
| | ভাতা | থোক | ৭.০০ | ০.০০ | ০.০০ | থোক | ২.০০ | ০.০০ | ০.০০ |
| | সাপ্লাই এন্ড সার্ভিস | থোক | ২৭৮.৪৮ | ২৫.৮৪ | ৭১.৯৫ | থোক | ৭৯.০০ | ৩.৮২ | ৩.০২ |
| | মেরামত | থোক | ৪.৫০ | ৪৩.৩৩ | ১.৯৫ | থোক | ১.০০ | ২৫.০০ | ০.২৫ |
| | সম্পদ সংগ্রহ | ১৯২০টি | ১২৩৬.৭২ | ৫৭.০১ | ৭০৫.০২ | ১৮০৯টি | ৩১২.০০ | ১৯.২৩ | ৬০.০০ |
| | নির্মাণ | ২৬৭টি | ২০৯৩৪.৩০ | ৮.০২ | ১৬৭৯.৭৮ | ২২৯টি | ৯০৮৮.০০ | ০.০৭ | ৬.৫৭ |
| | মোট | | ২২৫০৬.০০ | ১০.৯২ | ২৪৫৮.৭০ | | ৯৫০০.০০ | ০.৭৪ | ৬৯.৮৪ |

(খ) হাল নাগাদ আর্থিক অগ্রগতিঃ

বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ "জরাজীর্ণ ডাকঘর সমূহের সংস্কার/পুনর্বাসন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটিতে গত আগস্ট ২০২০ পর্যন্ত ২৫২৮.৫৪ কোটি টাকা ব্যয় করা হয়েছে। বর্তমান অর্থবছরে অর্থাৎ ২০২০-২১ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ রয়েছে ৯৫.০০ কোটি টাকা যার মধ্যে এ পর্যন্ত ৬৯.৮৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে অর্থাৎ প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতি প্রায় ১৬%।

হাল নাগাদ ভৌত অগ্রগতিঃ

আলোচ্য প্রকল্পের মোট ২৬৭ টি অংগের মধ্যে ৪৬ টি অংগের কর্যাদেশ প্রদান করা হয়েছে। এর মধ্যে ৩২ টি অংগের কাজ সমাপ্ত হয়েছে, ২টি ডাকঘরের কাজ ৯০% সমাপ্ত হয়েছে, ৪টি ডাকঘরের কাজ ৮০% সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ৮টি ডাকঘরের কাজ সহসাই শুরু হবে মর্মে প্রকল্প দপ্তর হতে জানানো হয়েছে। এছাড়া ২৮টি প্যাকেজের আওতায় ১০৩ টি অংগের টেন্ডারের কাজ চলমান রয়েছে।

প্রকল্পের আওতায় সমাপ্তকৃত নির্মাণঃ

প্রকল্পের আওতায় ৩২ টি অফিস এর নির্মাণ ও পুন:নির্মাণ (পুন:নির্মাণ ০১টি সম্প্রসারণ ও মেরামত ৩১টি) কাজ সমাপ্ত হয়েছে। এগুলো হলোঃ ডিপিএমজি অফিসঃ ফরিদপুর (পুনঃনির্মাণ), রাজশাহী (সম্প্রসারণ ও মেরামত)-০২ টি, প্রধান ডাকঘরঃ রাঙামাটি প্রধান ডাকঘর (সংস্কার ও সম্প্রসারণ), চাঁদপুর প্রধান ডাকঘর (সংস্কার ও সম্প্রসারণ), ব্রাহ্মণবাড়িয়া প্রধান ডাকঘর (সংস্কার ও সম্প্রসারণ), কক্সবাজার প্রধান ডাকঘর (সংস্কার ও সম্প্রসারণ), টুঙ্গিপাড়া প্রধান ডাকঘর (উর্দ্ধমূখী সম্প্রসারণ) -০৫টি এবং উপজেলা ডাকঘরঃ কালিহাতী উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), সখিপুর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত) বকশিগঞ্জ উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), দেওয়ানগঞ্জ উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), ঘোড়াশাল উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), শ্রীনগর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), মোহনগঞ্জ উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), গোপালপুর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), ডোমার উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত),চিরিরবন্দর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), হাইমচর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), ঝিকরগাছা উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত), শ্রীপুর উপজেলা ডাকঘর (সম্প্রসারণ ও মেরামত) ১৩ টি।

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থাঃ

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ৫৮৪.৩৯ | ৬০০.০০ | ৬০০.০০<br>১০০% | ৫৮৪.৬৫<br>৯৭.৪৪% |
| ২০১৭-২০১৮ | ১১৪৯.৮৮ | ১১০৭.০০ | ১১০৭.০০<br>১০০% | ৭৭১.৫৩<br>৬৯.৭০% |
| ২০১৮-২০১৯ | ২৯৭১.৪৮ | ১১০০.০০ | ১১০০.০০<br>১০০% | ১০৮০.১৬<br>৯৮.২০% |
| ২০১৯-২০২০ | ৮৯০০.১৩ | ২০০০.০০ | ২০০০.০০<br>১০০% | ২২.৩৬<br>১.১২% |

১০. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়

১১. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

১১.১ আপত্তি নিষ্পত্তির বর্তমান অবস্থা:

অডিট আপত্তির জবাব প্রমাণকসহ প্রেরণ করা হয়েছে এবং আপত্তিটি নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।

১২. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

নিয়মিত স্টিয়ারিং/পিআইসি সভা অনুষ্ঠিত হচ্ছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প কর্তৃক ব্যবস্থা গৃহীত হচ্ছে।

১৩. পিএমআইএস এ সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ: অক্টোবর ২০২০ পর্যন্ত তথ্য হালনাগাদ করা হয়েছে।

১৪. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

(ক) পরিদর্শনকৃত এলাকা: গোসাইর হাট, শরিয়তপুর।

(i) কাজের বর্তমান অবস্থা:






শরিয়তপুর জেলার গোসাইরহাট ইউপিও পুন:নির্মাণ কাজটি করার জন্য দায়িত্ব প্রাপ্ত ঠিকাদার মেসার্স রুপালী কনস্ট্রাকশন। কার্যাদেশ মূল্য ২৫,৭১,৭৯১,৩৭.০০ টাকা। টিউবওয়েল স্থাপন ব্যতীত কার্য সমাপ্ত হয়েছে মর্মে টেলিফোনে/মৌখিকভাবে জানানো হইলেও প্রকৃতপক্ষে অনেক কাজ এখনও সমাপ্ত হয়নি। ভবনের ভিতরে এবং পিছন পার্শ্বের প্লাস্টার ও রংসহ ভিতরের টাইলস এর কাজ, স্যানিটারী বৈদ্যুতিক কাজ, দরজা স্থাপন, সেপটিক ট্যাংক, পানি সরবরাহ লাইন, রিজার্ভ ট্যাংক স্থাপন ইত্যাদি কাজসহ ফিনিশিং কাজ অবশিষ্ট রয়েছে।

(ii) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ:

চলতি বছর জুন মাসে ঢাকা কেন্দ্রীয় সার্কেল এর কার্য নির্বাহী প্রকৌশলী জনাব মহব্বত আলম উক্ত প্রকল্প এলাকা পরিদর্শন করেন।

(iii) বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):

সরেজমিনে পরিদর্শনকালে স্থানীয় পোস্টমাস্টার কর্তৃক জানা যায় যে ঠিকাদার মার্চ ১৮ হইতে কাজ আরম্ভ করে একযোগে নির্ধারিত সময়ের মধ্যে ছাদ ঢালাই পর্যন্ত কাজ সম্পাদন করেন। তবে ছাদ ঢালাই এর পর ঠিকাদার প্রায় ১.৫ বছর পর পুনরায় কাজ শুরু করেন। ঠিকাদারের অন্য প্রকল্পের কাজ করার দরুন কাজ সমাপ্ত করার ক্ষেত্রে বিলম্ব হয়েছে বলে মৌখিকভাবে জানান। প্রকৃতপক্ষে ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে কার্য সম্পাদন করেন নাই। ঠিকাদারের কার্য স্থগিত রাখা এবং পুন: কার্যে যোগদানের বিষয় সংশ্লিষ্ট পোসটমাস্টারের মৌখিকভাবে ডিপিএমই ফরিদপুর মহোদয়কে জানান। ঠিকাদার কাজ বিলম্বের কোন সদুত্তর জানান নি বা লিখিতভাবে কোন কারণ দর্শনো/ব্যাখ্যা প্রদান করেননি। সর্বশেষ ফেব্রুয়ারী ২০২০ এ ঠিকাদার কাজ তথা গাথুনীর কাজ করে পুনরায় কাজ স্থগিত রেখেছেন। বর্তমানে কাজ বন্ধ রয়েছে। এছাড়াও, নতুন নির্মণ না হওয়া পর্যন্ত একটি ভাড়া বাড়িতে ডাকঘরটির কার্যক্রম চলমান আছে। বিগত ১৮/০৬/১৯ পর্যন্ত ০৫ মাস অফিস ভাড়া প্রকল্প পরিচালক কর্তৃক মঞ্জুর করা হলেও বিগত ১৯/০৬/২০১৯ হইতে অদ্যাবধি ১৭ মাস ভাড়া বকেয়া রয়েছে মর্মে পোস্টমাস্টার জানিয়েছেন।

চিত্রঃ গোসাইর হাট এলাকায় অসমাপ্ত কাজের চিত্র

(খ) পরিদর্শনকৃত এলাকা: শরীয়তপুর প্রধান ডাকঘর

শরীয়তপুর প্রধান ডাকঘর পুনঃনির্মাণ কাজের কার্যাদেশ গত ২৮/০৮/২০১৮ তারিখে প্রদান করা হয়। কার্যদেশ অনুযায়ী কার্যাদেশ প্রাপ্তির ০৪ (চার) মাসের মধ্যে কাজটি সম্পাদন করতে হবে। এ কাজের জন্য চুক্তিমূল্য ১৮০৪৪২৫৫.০০ টাকা। এইচ, ই এ, এইচ জেভি ৩নং উপশহর নিউমার্কেট, সাপুরা, বোয়ালিয়া, রাজশাহী নামক প্রতিষ্ঠানটি কাজটি করার জন্য প্রকল্প দপ্তরের সাথে চুক্তি করে।


(i) কাজের অগ্রগতিমূলক বিশেষ প্রতিবেদন:

গত ০৫/০১/২০১৯ খ্রি: তারিখে শরীয়তপুর প্রধান ডাকঘরের পূন:নির্মাণ প্রকল্পের কাজটি উদ্বোধন করেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের তৎকালীন সচিব জনাব শ্যাম সুন্দর শিকদার। উদ্বোধনের দিন প্রি-কাস্ট পাইলিং এর কাজ আরম্ভ হয়। এতে বিকট শব্দের কারণে স্থানীয় বাসিন্দা/সরকারী অফিসের আপত্তির মুখে ০২ মাস বন্ধ ছিল। পরবর্তীতে বরিং করে ৯৬ টি পিলার মাটির নিচে বসানো হয়। একাজ প্রায় ০৩মাস পর্যন্ত চলে এপ্রিল/১৯ মাসে শেষ হয়। এছাড়া তৎকালীন সচিব মহোদয়ের নির্দেশে মডেল পোস্ট অফিস নির্মাণে বিল্ডিং এর ডিজাইন প্লান চেঞ্জ করে ভবনটি এক্সটেনশন করা হয়। এতে ভবনের কাজ আরম্ভে কিছুটা বিলম্ব হয়।

গত ০৩/০৫/২০১৯ খ্রি: তারিখ হতে ঠিকাদার বিল্ডিং এর কাজ শুরু করে ০৭/০৭/২০১৯ ইং পর্যন্ত একটানা কাজ করে বিরতি দেন। ০১ মাস ১৫ দিন বিরতির পর আবার ২২/০৮/২০১৯ তারিখে কাজ শুরু করে ১৪/১০/২০১৯ পর্যন্ত ৫২ দিন কাজ করে ১ম তলা ছাদ ঢালাই সম্পন্ন করে চলে যান। কিছুদিন বিরতির পর ১ম তলা ছাদের সেন্টারিং খুলে ২য় তলার কাজ করে ছাদ ঢালাই দিয়ে ১৪/১২/২০১৯ তারিখে চলে যান। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত শুধুমাত্র ১ম ও ২য় তলা ছাদ, কলাম তৈরী এবং ভিটিতে বালু ভরাট কাজ হয়। পরবর্তীতে জানুয়ারী ২০২০ থেকে অন্যান্য কাজ করার পরিকল্পনা থাকলেও দেশে করোনা ভাইরাসজনিত কারণে স্বাস্থ্যবিধি অনুসরন করে ঠিকাদার শ্রমিক নিযোগ দিতে পারেন নাই । দীর্ঘ অনেক দিন পরিবেশ পরিস্থিতি প্রতিকূলে থাকার ঠিকাদার সর্বশেষ গত ১১/০৮/২০২০ তারিখ থেকে আবার কাজ শুরু করেন। বর্তমানে ধারাবাহিকভাবে কাজ চলছে।

(ii) অনিষ্পন্ন কাজের বিবরণ:

গত ১১/১১/২০ পর্যন্ত বিল্ডিং এর ওয়ালের কাজ সম্পন্ন হয়েছে তবে ওয়ালের ভিতরের প্লাষ্টার, ডিসটেম্পার এবং বাহিরে প্লাষ্টারসহ ওয়েদার কোট করা বাকী আছে। বিভিন্ন দরজার চৌকাঠসহ দরজা এবং জানালার স্লাইডিং ডোর, থাই গ্লাস ফিটিং বাকী আছে। আরসিসি কাউন্টার, ফ্লোর টাইলস, ভবনের বাইরে প্লাস্টার করা বাকী আছে। পানি সরবরাহ লাইন এবং পয়নিষ্কাশন ব্যবস্থা বিশেষ করে স্যানিট্রি, সেফটি ট্যাংক, সৌকল, ওয়াটার রিজার্ভ ট্যাংক ইত্যাদি কাজ অবশিষ্ট আছে। ইলেকট্রিক ব্যবস্থা, শিলিং ফ্যান, লাইট, তার ইত্যাদি সংযোগ কাজ অবশিষ্ট আছে। টপ ছাদে চিলা কোঠা তৈরী, ভিতরে চর্তুদিকে এপ্রোচ রোড, বাউন্ডারী ওয়াল, ইন এবং আউট গেইট, ট্রেজারীর স্ট্রং রুম গেইট করা হয়নি। এছাড়া অনেক ফিটিং এর কাজ করা হয়নি।



চিত্রঃ শরীয়তপুর প্রধান ডাকঘর এর অসমাপ্ত কাজের চিত্র

(iii) অংশীজনের মতামত:

শরীয়তপুর জেলা প্রায় লবনাক্ত, এখানে সুপেয় পানির বড় অভাব। তাই পোস্ট অফিসের সকল পরিবার এবং সম্মানিত গ্রাহক এখানে একটি সাবমারসেবল পাম্প/গভীর নলকূপ বসানোর জন্য মত প্রকাশ করেছে। এছাড়া পোস্ট অফিসের ভিটি ৩ ফুট উচু হওয়ায় উহার চর্তুদিকে ২ ফুট বালি দিয়ে নিচু জায়গা ভরাট করা প্রয়োজন মর্মে পোস্ট অফিসের জনবল মত প্রকাশ করেন। অন্যথায় বর্ষায় পানি জমবে এবং গ্রাহকের যাতায়াতে বিঘ্ন ঘটবে। উল্লেখ্য, সিডিউলে একাজ ধরা নাই।

(iv) সাইট ইন্সপেকশন বুক: পাওয়া যায়নি।

(v) টেস্ট রিপোর্ট: সাইটে পাওয়া যায়নি।

(vi) নির্মাণ কাজ পরিবীক্ষণ সংক্রান্ত:

প্রকল্পের নির্মাণ কাজ ডাক অধিদপ্তরের প্রকৌশল বিভাগের জনবল কর্তৃক সুপারভিশন করার জন্যে নির্ধারিত রয়েছে। তবে শূন্য পদ বেশি থাকায় নির্মাণ কাজের পরিবীক্ষণ কম হচ্ছে। এ প্রকল্পের আওতায় ১০ জন উপসহকারী প্রকৌশলী নিয়োগের সংস্থান আছে। দ্রুত এ নিয়োগ সম্পন্ন করা প্রয়োজন। কাজের মান নিশ্চিত করার জন্য নির্মাণ কাজ নিবিড়ভাবে পরিবীক্ষণ করা প্রয়োজন।

১৫. সুপারিশঃ

(ক) গোসাইরহাট সাইটে ঠিকাদার মেসার্স রুপালী কনস্ট্রাকশন কাজ না করার বিষয়ে প্রকল্প দপ্তর হতে ঠিকাদারের সাথে যোগাযোগপূর্বক গুণগতমান নিশ্চিত করে দ্রুত কাজ সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) গোসাইরহাটে ডাকঘরের বাড়ির বকেয়া ভাড়া পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে হবে;

(গ) এইচ, ই, এ, এইচ জেভি কর্তৃক গুণগতমান নিশ্চিত করে দ্রুত শরিয়তপুর প্রধান ডাকঘরের নির্মাণ কাজ সমাপ্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) প্রকল্পের সব সাইটে সাইট ইন্সপেকশন বুক এবং টেস্ট রিপোর্ট রাখার ব্যবস্থা নিতে হবে;

(ঙ) প্রকল্পের আওতায় জনবল নিয়োগের কাজ দ্রুত শেষ করতে হবে; এবং

(চ) নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্তির জন্য নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক কাজের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

(ফাতিমা-তুজ-জোহরা ঠাকুর)
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা -১ শাখা
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১.২২.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা -১ শাখা

পরিদর্শনের তারিখ: ০৯-১১-২০২০

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী: ফাতিমা-তুজ-জোহরা ঠাকুর, সিনিয়র সহকারী সচিব।

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি

৩.২ উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: ডাক অধিদপ্তর

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত :

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৪৭৯৮৬.০০ | ৪৭৯৮৬.০০ | | | ০১.০৭.২০১৮-৩০.০৬.২০২১ | একনেকে কর্তৃক অনুমোদিত ৩০.১০.২০১৮ | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রযোজ্য নহে। | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নহে।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নহে।

৬। প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

| বিভাগ | জেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা |
|---|---|---|
| ঢাকা | নারায়ণগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর | ঢাকা সিটি কর্পোরেশনের আওতাভুক্ত বনানী, গুলশান, শান্তিনগর, ঢাকা ক্যান্টনমেন্ট, তেজগাঁও, মোহাম্মদপুর, জিগাতলা, ঢাকা সদর প্রধান ডাকঘর, ডাক অধিদপ্তরের সদর দপ্তরের অবশিষ্ট ফিনিশিং কাজ। |
| চট্টগ্রাম | কুমিল্লা, নোয়াখালী | |
| রাজশাহী | পাবনা, নাটোর, জয়পুরহাট | রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাভুক্ত ঘোড়ামারা। |
| খুলনা | যশোর, কুষ্টিয়া, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর | |
| সিলেট | সিলেট, সুনামগঞ্জ | |
| বরিশাল | বরিশাল, ভোলা | |
| রংপুর | রংপুর, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, নেত্রকোনা | |

৭। প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

(ক) দেশব্যাপী ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো সুবিধা বৃদ্ধির অংশ হিসেবে ০৬টি জিপিও ভবন, ২৪টি জেলা ডাকঘর ভবন এবং ০৮টি উপ-ডাকঘর (স্থানীয় ডাকঘর) ভবন নির্মাণ;

(খ) বাংলাদেশ ডাক জীবন বীমা প্রতিষ্ঠানটির স্থায়ী কার্যালয় হিসাবে ডাক জীবন বীমা ভবন নির্মাণ;

(গ) ডাক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়ন এবং

(ঘ) দেশের সর্বত্র দ্রুত ও নিরাপদ ডাক সেবা নিশ্চিতকরণের মাধ্যমে গ্রাহক সেবা বৃদ্ধি।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮। অঙ্গভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকা)

| ক্র: নং. | অঙ্গের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | চলতি অর্থবছরের অক্টোবর ২০২০ মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব (পরিমাণ / সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | জনবল | জন | ১৮ জন | ১৬৬.৮৬ | থোক | ১১.৯৭ (৭.১৭%) | থোক | ৩৫.০০ | ১০.৩১% | ৩.৬২ |
| | ভাতা | জন | ১৮ জন | ১২১.৮৯ | থোক | ২.০৮ (১.৭১%) | থোক | ২০.০০ | ৩.৪০% | ০.৬৮ |
| | সাপ্লাই এন্ড সার্ভিস | - | থোক | ৭১৪.৬০ | থোক | ১০৫.১৭ (১৪.৭২%) | থোক | ৩৪৫.০০ | ৮.৮৬% | ২৯.২২ |
| | সম্পদ সংগ্রহ | টি | ৭৬টি | ১৯০.০০ | - | ০.০০ (০.০০%) | ৭টি | ১০০.০০ | ০.০০% | ০.০০ |
| | নির্মাণ | টি | ৪০টি | ৪৬৭৮২.৬৫ | ১টি | ২৬০৪.৭৪ (৫.৫৭%) | ৩২টি | ১৪৫০০.০০ | ৫.০৬% | ৭৩৩.৮৬ |
| | প্রাইস এন্ড ফিজিক্যাল কনটেনজেন্সি | - | | ১০.০০ | - | ০.০০ | - | ০.০০ | ০.০০% | ০.০০ |
| | মোট | | | ৪৭৯৮৬.০০ | - | ২৭২৩.৯৬ (৫.৬৮%) | | ১৫০০০.০০ | ৫.১২% | ৭৬৭.৩৮ |

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি/টিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১০৩৬৩.৫৮ | ১৫৫০.০০ | ১০০% | ১৫৩৭.৫৪ (৯৯.২০%) |
| ২০১৯-২০২০ | ২০৫১২.৫৮ | ১০০০০.০০ | ১০০% | ১১৮৬.৪২ (১১.৮৬%) |
| ২০২০-২০২১ | ১৭১০৯.৮৪ | ১৫০০০.০০ | ৫০% | ৭৬৭.৩৭ (৫.১২%) অক্টোবর/২০২০ পর্যন্ত |

১০। ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয়।

১১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: ২০১৮-২০১৯ অর্থবছরে ৩টি সাধারণ অডিট আপত্তি রয়েছে যার বিবরণ নিম্নে দেওয়া হলোঃ

| ক্রমিক নং | আপত্তির শিরোনাম | আপত্তিকৃত টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | আয়কর জমার সমর্থনে ট্রেজারি চালান উপস্থাপন করা হয়নি। | ২০,৭০,২৩৯/- |
| ২ | সম্মানী ভাতার উপর অগ্রিম আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৪৩,৮৭০/- |
| ৩ | ভ্যাট জমার সমর্থনে ট্রেজারি চালান উপস্থাপন করা হয়নি। | ২০,৭০,২৪১/- |

আয়কর ও ভ্যাট জমার ট্রেজারি চালানের কপি জিপিও হতে সংগ্রহপূর্বক অডিট অফিসে দাখিলের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া সম্মানী ভাতার উপর অগ্রিম আয়কর বাবদ ৪৩,৮৭০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে।

১২। স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

| সভার নাম | ডিপিপি'র লক্ষ্যমাত্রা | | সময়ের ধরন | | প্রকৃত অর্জন | চলতি বছরে লক্ষ্যমাত্রা (২০২০-২১) | চলতি বছরে প্রকৃত অর্জন (২০২০-২১) |
|---|---|---|---|---|---|---|---|
| | পরিপত্র অনুযায়ী | ডিপিপি অনুযায়ী | পরিপত্র অনুযায়ী | ডিপিপি অনুযায়ী | | | |
| প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC) | ৪টি | ৪টি | ত্রৈমাসিক | ত্রৈমাসিক | শতভাগ | ৪টি | ২টি |
| প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC) | ৪টি | ৪টি | ত্রৈমাসিক | ত্রৈমাসিক | শতভাগ | ৪টি | ২টি |
| এডিপি রিভিউ সভা (ADP) | ১২টি | ১২টি | মাসিক | মাসিক | শতভাগ | ১২টি | ৪টি |

বিঃদ্রঃ অদ্য ০৬.১২.২০২০খ্রিঃ উপরের ছকের প্রতিবেদন দাখিল করা হয়েছে।

১৩. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

(ক) পরিদর্শনকৃত এলাকা: রাজবাড়ী প্রধান ডাকঘর

(i) কাজের বর্তমান অবস্থা:

রাজবাড়ী প্রধান ডাকঘর নির্মাণ কাজটি করার জন্য দায়িত্ব প্রাপ্ত ঠিকাদার আল আমিন ট্রেডার্স, জে ভি। কার্যাদেশ মূল্য ৭,৪০,৬০,১৯৩.০০ (সাত কোটি চল্লিশ লক্ষ ষাট হাজার একশত তিরানব্বই) টাকা। কাজ শুরু হয় ১৫/০৩/২০২০ তারিখে এবং কাজটি সমাপ্তির জন্য নির্ধারিত ১৫/১২/২০২০ তারিখে। বর্তমান অগ্রগতির হার ৩৪%। রাজবাড়ি সাইটে কার্যরত প্রকৌশলীসূত্রে জানা যায় যে, ৯২টি পাইল, ৩২টি পাইল ক্যাপ, ৩২টি শর্ট কলাম, ৩২টি লং কলাম, গ্রেড বীম, আন্ডার গ্রাউন্ড ওয়াটার ট্যাংক ও লিফট কোর এবং ফ্লোরে বালি ভরাট কাজ সম্পূর্ণ হয়েছে। কলাম ও ফ্লোরে রড বাইন্ডিং কাজ চলমান আছে।

(ii) অবশিষ্ট কাজ:


ছাদ ঢালাই, ইলেকট্রিক কাজ, সেনিটেশন কাজ, বাউন্ডারির কাজ এবং যাবতীয় ফিনিশিং কাজ অসমাপ্ত রয়েছে।

(iii) অংশীজনের মতামত:

সরেজমিনে পরিদর্শনকালে স্থানীয় পোস্টমাস্টার বলেন যে, এখানে একটি মসজিদ রয়েছে। বর্তমান ডিজাইন অনুযায়ী এটি ভেঙ্গে যাবে। এ চত্বরে ভবন নির্মাণ সমাপ্তিশেষে অবশিষ্ট স্থানে মসজিদটি স্থানান্তরের অনুরোধ করেন।

(iv) বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে):

সরেজমিনে পরিদর্শনকালে স্থানীয় পোস্টমাস্টার ও ঠিকাদার হতে জানা যায় যে, করোনাজনিত কারণে কাজ বন্ধ ছিল। তবে বর্তমানে কাজ পূর্ণ গতিতে চলমান রয়েছে।






চিত্রঃ রাজবাড়ি প্রধান ডাকঘর এর চলমান কাজ

(খ) পরিদর্শনকৃত এলাকা: ফরিদপুর প্রধান ডাকঘর

ফরিদপুর প্রধান ডাকঘর নির্মাণ কাজটি করার জন্য দায়িত্ব প্রাপ্ত ঠিকাদার Rafia-Saidur, জে ভি। কার্যাদেশ মূল্য ১৩,৩৫,৮০,৫০৭.৮৬ (তের কোটি পয়ত্রিশ লক্ষ আশি হাজার পাচশত সাত) টাকা। ফরিদপুর প্রধান ডাকঘর নির্মাণ কাজে কার্যাদেশ গত ২৪/০২/২০২০ তারিখে প্রদান করা হয়। কার্যদেশ অনুযায়ী ২৪/০২/২০২১ তারিখের মধ্যে কাজটি সম্পাদন করতে হবে। কাজের অগ্রগতির হার ৩০%। ফরিদপুর সাইটে কার্যরত প্রকৌশলীসূত্রে জানা যায় যে, ১৬৩টি পাইল, ৬৩টি পাইল ক্যাপ, ৬৩টি শর্ট কলাম, ৩২টি লং কলাম, গ্রেড বীম, আন্ডার গ্রাউন্ড ওয়াটার ট্যাংক ও লিফট কোর এবং ফ্লোরে বালি ভরাট কাজ সম্পূর্ণ হয়েছে। কলাম ও ফ্লোরে রড বাইন্ডিং কাজ চলমান আছে।



চিত্রঃ ফরিদপুর প্রধান ডাকঘর এর চলমান কাজ

ছাদ ঢালাই, ইলেকট্রিক কাজ, সেনিটেশন কাজ, বাউন্ডারির কাজ এবং যাবতীয় ফিনিশিং কাজ অসমাপ্ত রয়েছে।

(i) সাইট ইন্সপেকশন বুক: পাওয়া গেছে।

(ii) টেস্ট রিপোর্ট: সাইটে পাওয়া যায়নি।

(iii) নির্মাণ কাজ পরিবীক্ষণ সংক্রান্ত:

প্রকল্পের নির্মাণ কাজ ডাক অধিদপ্তরের প্রকৌশল বিভাগের জনবল কর্তৃক সুপারভিশন করার জন্যে নির্ধারিত রয়েছে। তবে শূন্য পদ বেশি থাকায় নির্মাণ কাজের পরিবীক্ষণ কম হচ্ছে। ডাক অধিদপ্তরে দ্রুত এ নিয়োগ সম্পন্ন করা প্রয়োজন। কাজের মান নিশ্চিত করার জন্য নির্মাণ কাজ নিবিড়ভাবে পরিবীক্ষণ করা প্রয়োজন।

১৪. সুপারিশঃ

(ক) কাজের গুণগতমান নিশ্চিত করে দ্রুত কাজ সমাপ্ত করার ব্যবস্থা গ্রহন করতে হবে;

(খ ) ডাক অধিদপ্তরে আওতায় জনবল নিয়োগের কাজ দ্রুত শেষ করতে হবে;

(গ) প্রকল্পের সব সাইটে টেস্ট রিপোর্ট রাখার ব্যবস্থা নিতে হবে; এবং

(ঘ) নির্দিষ্ট সময়ে প্রকল্প সমাপ্তির জন্য নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শনপূর্বক কাজের গতি বৃদ্ধির উদ্যোগ গ্রহন করতে হবে।

(ফাতিমা-তুজ-জোহরা ঠাকুর)
সিনিয়র সহকারী সচিব
পরিকল্পনা -১ শাখা
ডাক ও টেরি যোগাযোগ বিভাগ

বিষয়ঃ দপ্তর/সংস্থার কার্যক্রম সরেজমিনে তত্ত্বাবধানকল্পে পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং -১৪.০০.০০০০.০০১.১৬.০২৫.১৭.১৪০৭ তারিখ ২২ অক্টোবর, ২০২০ তারিখের অফিস আদেশ মোতাবেক আমি গত ২৮ ডিসেম্বর, ২০২০ বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) পরিদর্শন করি। পরিদর্শনকালে টেশিস এর এমডি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ল্যাপটপ কম্পিউটার উৎপাদন/ সংযোজন কার্যক্রম পরিদর্শন কালে জানা যায় যে, টেশিস কর্তৃক নিম্নে বর্ণিত মডেলের/স্পেসিফিকেশনের ল্যাপটপসমূহ উৎপাদন/সংযোজন করা হয়ঃ

| Serial No. | Model | Price TK |
|---|---|---|
| 01 | DOEL Quadcore Laptop | 20,000-22,000 |
| 02 | Intel i3 10th Gen Laptop | 40,000 |
| 03 | Intel i5 10th Gen Laptop | 50,000-55,000 |
| 04 | Intel i7 10th Gen Laptop | 60,000-70,000 |

টেশিসে সংযোজিত ল্যাপটপসমূহের জন্য Thailand, China, ও Thaiwan থেকে Hardisk, Display, Ram, Motherboard, ODD, SSD, Cover আমদানী করা হয়। ল্যাপটপ উৎপাদনে সহায়তা করার জন্য ADA Trading Company Limited ও Walton Digitech Industries Ltd. নামীয় দু'টি প্রতিষ্ঠান কৌশলগত পার্টনারশীপে কাজ করে । টেশিস সাধারণত ল্যাপটপ সরবরাহের কার্যাদেশ পাওয়ার পর বর্ণিত পার্টনারশীপ প্রতিষ্ঠানের মাধ্যমে Specification সংগ্রহ করে থাকে এবং চাহিদাকৃত ল্যাপটপ উৎপাদন/সংযোজন করে থাকে।

২। ল্যাপটপ উৎপাদন ক্ষমতাঃ টেশিসের মূল ভবনের একটি ফ্লোরে একটি সংযোজন বেল্ট বসানো হয়েছে। ঐ বেল্টে ৩০ জন অপারেটর কাজ করে। একটি বেল্টে দৈনিক এক শিফটে উৎপাদন ক্ষমতা ৪৮০ টি ল্যাপটপ এবং দুই শিফটে ৪৮০ x 2= ৯৬০ টি ল্যাপটপ।

**৩। বিগত অর্থবছরে বিক্রয়ঃ** টেশিস ২০১৯-২০২০ অর্থ বছরে সর্বমোট ৭৫৫ টি ল্যাপটপ/ডেস্কটপ সরবরাহ করেছে, যার মধ্যে উল্লেখযোগ্য হল- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে ২৬৫ টি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ৪০টি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সষ্টিটিউটে ৮০টি ।

৪। **টেশিস শো-রুম-**বর্তমানে রাজধানীর অভ্যন্তরে আইডিবি ভবন, রমনা বিটিসিএল ভবন, নীলক্ষেত এবং মানিক মিয়া এভিনিউতে মোট ৪ টি দোয়েল ল্যাপটপের শো-রুম রয়েছে। ঢাকার বাইরে রাজশাহী এবং খুলনাতে শো-রুম রয়েছে। টেশিস প্রায় সম্পূর্ণরুপে সরকারি প্রতিষ্ঠানের কার্যাদেশের উপর নির্ভরশীল। এই নির্ভরশীলতা কমানোর জন্য সাধারণ জনগণের কাছে তাদের বিক্রয় বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

**৫। এপিএ এর লক্ষ্যমাত্রা এবং বাস্তবায়ণ অগ্রগতি-** টেশিস এর এ পিএ লক্ষ্যমাত্রা এবং বাস্তবায়ণ অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ-

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) * | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ১০০%(অসাধারণ) | নভেম্বর ২০২০ পর্যন্ত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | | |
| [১] সাশ্রয়ী টেলিকম সার্ভিস প্রদান | ৭৫ | [১.১]টেলি যোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/ সংযোজন | [১.১.১] উৎপাদিত/ সংযোজিত ডিজিটাল মিটার | সমষ্টি | সংখ্যা | ৩৭ | ৫৩,০৭৫ | ১,২০,০০০ | ১,৫০,০০০ | ১,১৬,০০০ | |
| | | | [১.১.২] উৎপাদিত/ সংযোজিত ল্যাপটপ | সমষ্টি | সংখ্যা | ১৮ | ১৪,৮৫০ | ৭৫৫ | ১৫,০০০ | ১৩২ | দ্রষ্টব্য-১ |
| | | | [১.১.৫] উৎপাদিত/ সংযোজিত টেলিফোন সেট | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮,৬৭৭ | ২,৭২২ | ৫,০০০ | ১,৫৬৩ | |
| | | | [১.১.৪] উৎপাদিত/ সংযোজিত পিবিএক্স | সমষ্টি | সংখ্যা | ৭ | ৮ | ৬ | ১০ | ৩ | |
| | | | [১.১.৩] সংযোজিত ট্রান্সমিশন ইকুইপমেন্ট | সমষ্টি | সংখ্যা | ৮ | | | ১৮ | ৮ | |

দ্রষ্টব্য-১: টেশিস বাংলাদেশ সরকারের একমাত্র ডিজিটাল ডিভাইস উৎপাদন/সংযোজনকারী রাষ্ট্রায়ত্ত সরকারী প্রতিষ্ঠান যা সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ তথা সরকারী প্রতিষ্ঠানের কার্যাদেশের উপর ভিত্তি করে ডিজিটাল ডিভাইস পণ্য উৎপাদন করে থাকে। কোভিড'১৯ পরিস্থিতির কারণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রায় ২০,০০০ টি ল্যাপটপ এর কার্যাদেশ পাওয়ার সম্ভবনা থাকলেও তা এখনও পাওয়া যায় নি। উক্ত কার্যাদেশ পেলে টেশিসের ল্যাপটপের এপিএ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব।

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | অর্জন নভেম্বর ২০২০ পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ (Excellent) | | |
| | | | | | | | ১০০% | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ১ | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | ৫ | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ১ | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ২ | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ২ | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ২ | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ অসাধারণ (Excellent) ১০০% | অর্জন নভেম্বর ২০২০ পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| [২] কর্মসম্পাদনে গতিশীলতাআনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথির বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | গড় | % | ২ | ৮০ | ৮০ | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ১৫.০২.২১ | ১৫.০২.২১ | অর্জনযোগ্য |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | ২৫.০২.২১ | ২৫.০২.২১ | অর্জনযোগ্য |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘণ্টা | ১ | ৫০ | ২৫ | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘণ্টা | ১ | ৫ | ১ | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | - | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জীভূত | % | ২ | ১০০ | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জীভূত | % | ১ | ৮০ | | দ্রষ্টব্য-২ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ক্রমপুঞ্জীভূত | % | ১ | ৫০ | ৩.২৫ | |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৩.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | তারিখ | ১ | ১৫.১২.২০ | ১৫.১২.২০ | |

দ্রষ্টব্য-২: অডিট নিস্পত্তি করা ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় হতে অডিট বিভাগে পত্র দেওয়া হয়েছে কিন্তু ত্রিপক্ষীয় সভার জন্য অডিট বিভাগের পক্ষ হতে জবাব পাওয়া যায় না।

এপিএ এর লক্ষ্য পূরণের অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, ল্যাপটপের উৎপাদন লক্ষ্যমাত্রার তুলনায় লক্ষ্যণীয়ভাবে কম। টেশিস এর ল্যাপটপ উৎপাদন মূলতঃ সরকারী দপ্তর সমূহ থেকে কার্যাদেশ প্রাপ্তির উপর নির্ভরশীল। এক্ষেত্রে আরোও নিষ্ঠা ও দক্ষতার সাথে সরকারী ক্রয়াদেশ প্রাপ্তির লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

৬। **মন্তব্য/ সুপারিশঃ**

ক) উৎপাদনমূখী প্রতিষ্ঠানকে বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার নিমিত্ত পণ্যের প্রচার/প্রচারণা জোরদার করা প্রয়োজন।

খ) টেশিস কর্তৃক উৎপাদিত ডিজিটাল ডিভাইসের মানোন্নয়ের লক্ষ্যে আরএন্ডডি কার্যক্রম চালুর উদ্যোগ নিতে হবে।

গ) সরকারের বিভিন্ন দপ্তর থেকে ডিজিটাল ডিভাইস এর কার্যাদেশ আনার ব্যাপারে মনোযোগী হতে হবে।

ঘ) টেশিসের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ণের জন্য আধুনিক প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন।

(সৈয়দ এমদাদুল হক)
যুগ্ম-সচিব (টেলিকম)
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর-১৪.০০.০০০০.০২২.১৮.০০২.১৯.১১ তারিখ : ২৮/১২/২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম সরেজমিন তত্ত্বাবধানকল্পে বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন।**

২৫/১২/২০২০ হতে ২৬/১২/২০২০ তারিখ পর্যন্ত বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে অফিসের সকল কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক জনাব জগদীশ চন্দ্র মন্ডল এবং অন্যান্য জেনারেল ম্যানেজারদের সাথে মত বিনিময় করা হয়। অত:পর ফ্যাক্টরির বিভিন্ন ইউনিট সরেজমিন পরিদর্শন করি।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর সংশ্লিষ্ট ০৩ (তিন)টি কর্মসম্পাদন সূচক ও অন্যান্য কার্যক্রম পরিদর্শন করা হয় যার ফলাফল নিম্নরূপ :

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | অসাধারন | অর্জন (ডিসেম্বর ২৬, ২০২০ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| [১] টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন, সম্প্রসারণ এবং বিদ্যুৎ খাতের উন্নয়নে অবদান রাখা | ৭৫ | [১.১] টেলিযোগাযোগ পণ্য উৎপাদন | [১.১.১] উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল | সমষ্টি | কি: মি: | ৪০ | ৫,৬০০ | ৫,৫০০ | ৫,৫০০ | ৪,১১০.৭০০ কি: মি: |
| | | | [১.১.২] উৎপাদিত এইচডিপিই ডাক্ট | সমষ্টি | কি: মি: | ১০ | ১,২০০ | ২,৫০০ | ২,৫০০ | ২,৬৮৮.৫৩১ কি: মি: |
| | | | [১.১.৩] উৎপাদিত কপার ক্যাবল | সমষ্টি | সিকেএম | ২৩ | ৩৫,৯৪৮ | ৪৫,০০০ | ২৫,০০০ | ১১,০৩৮.৯২৬ সিকেএম |
| | | [১.২] ওভারহেড কন্ডাক্টর ও সার্ভিস ড্রপ ক্যাবল প্ল্যান্ট চালুকরণ ও বাণিজ্যিক উৎপাদন প্রদান | [১.২.১] উৎপাদিত ওভারহেড কন্ডাক্টর ও সার্ভিস ড্রপ ক্যাবল | সমষ্টি | মেট্রিক টন | ২ | - | ২৫ | ১৫০ | ২৫.৫০ মেট্রিক টন |

**সার্বিক মন্তব্য :**

বাকেশি'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচক মোট ০৪(চার) টি যেমন: (১) 'উৎপাদিত অপটিক্যাল ফাইবার ক্যাবল, (২) এইচডিপিই ডাক্ট, (৩) কপার ক্যাবল এবং (৪) উৎপাদিত ওভারহেড কন্ডাক্টর ও সার্ভিস ড্রপ ক্যাবল। সংশ্লিষ্ট সূচকসমূহে ডিসেম্বর ২৬, ২০২০ পর্যন্ত সময়ের অর্জন ২০২০-২০২১ অর্থবছরের লক্ষমাত্রার প্রায় কাছাকাছি। আশা করা যায়, লক্ষ্যমাত্রা অর্জনের এ ধারা অব্যাহত থাকলে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। তবে কপার ক্যাবল এর ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন কিছুটা শ্লথ। এই সূচকে বিশেষ ভাবে নজর দেয়া দরকার। সেপ্রেক্ষিতে APA এর বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বছরব্যাপী প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে উপস্থিত সকলকে

(চলমান পাতা)

উদ্বুদ্ধ করা হয় এবং লক্ষ্যমাত্রা যাতে অর্জন সম্ভব হয় সে বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়। ফাইবার এট হোম এর ক্রয়াদেশ প্রাপ্তির পর অস্পষ্ট মার্কিং এর ক্যাবল সরবরাহ করা হয় যা পরে ফেরত আনা হয়েছে। ভবিষ্যতে এরকম সমস্যা যেন না ঘটে সেদিকে নজর দেয়া প্রয়োজন। বাকেশি'র স্টক ইয়ার্ড স্তুপকৃত দেখা গেছে। ইয়ার্ড সংকট নিরসনে টিটিসি'র অব্যবহৃত খালি জায়গা যাতে ব্যবহার করা যায় সে লক্ষ্যে বিটিসিএল এবং বাকেশি'র এমডি আলোচনা পূর্বক একটি সমঝোতায় পৌছাবেন। বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর বিভিন্ন ক্যাটাগরির ৩০ টি শূন্যপদের বিপরীতে ১১৬২ টি আবেদন পাওয়া গেছে। এগুলো যাচাই-বাছাই করে উপযুক্ত প্রার্থীর তালিকা চূড়ান্ত রাখা প্রয়োজন, যাতে কভিড পরিস্থিতির উন্নতি হলে দ্রুততম সময়ে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করা যায়।

২৮/১২/২০২০

(মো: শাহাদাৎ হোসেন)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫১১১১৩

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি :** অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ঢাকা।

০২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমনি, খুলনা।